



سفارة بنغلاديش، مسقط  
EMBASSY OF BANGLADESH  
Villa No. 4207, Way No. 3052, Shatti Al Qurum  
MUSCAT

## প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ দূতাবাস, মাস্কট এর আয়োজনে যথাযোগ্য মর্যাদা ও ভাব-গাম্ভীর্যের মধ্য দিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপন

মাস্কট, ১০ জানুয়ারি ২০২৩

বাংলাদেশ দূতাবাস, মাস্কট এর আয়োজনে যথাযোগ্য মর্যাদা ও ভাব-গাম্ভীর্যের মধ্য দিয়ে ১০ জানুয়ারি ২০২৩ 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস' পালিত হয়েছে। মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ নাজমুল ইসলাম মহোদয় এর সভাপতিত্বে মাস্কটে বাংলাদেশ কমিউনিটির নেতৃবৃন্দ এবং দূতাবাসের কর্মকর্তাবৃন্দ উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

এ দিন দূতাবাসের অভ্যন্তরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণীসমূহ পাঠ করেন দূতাবাসের ডেপুটি চিফ অব মিশন ও মিনিষ্টার (পলিটিক্যাল) এবং প্রথম সচিব (পাসপোর্ট ও ভিসা)।

দিবসটির তাৎপর্য নিয়ে উন্মুক্ত আলোচনায় বক্তারা কৃতজ্ঞতার সাথে স্মরণ করেন সর্বকালের সর্ব শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। তারা জাতির পিতার স্বদেশ প্রত্যাবর্তনের পটভূমি নিয়ে আলোচনা করেন। মান্যবর রাষ্ট্রদূত তীর বক্তব্যের শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৯৭৫ সালের ১৫ই আগষ্ট তীর পরিবারের সকল শহীদদের এবং ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ শহীদ, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা এবং বীর মুক্তিযোদ্ধাদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি বলেন, ১৯৭২ সালের ১০ জানুয়ারি এ ঐতিহাসিক দিনে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের মধ্য দিয়ে বাংলাদেশের জনগণ প্রকৃত বিজয় উপলব্ধি করে। বঙ্গবন্ধুর অবিচল নেতৃত্ব ও অটল সংকল্প বাঙালি জাতিকে স্বাধীন বাংলাদেশ দিয়েছে। জাতির পিতার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রীর সাহসী ও দূরদর্শী নেতৃত্বে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলাদেশ বিনির্মাণের পথে দুর্যার গতিতে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ।

মান্যবর রাষ্ট্রদূত মহোদয় অনুষ্ঠানে আগত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এসময় তিনি ওমান প্রবাসী সকল বাংলাদেশীকে স্থানীয় আইন কানুন মেনে চলার নির্দেশনা প্রদান করেন এবং বৈধ উপায়ে বাংলাদেশে রেমিট্যান্স প্রেরণের জন্য অনুরোধ করেন। তিনি দেশের সুনাম অক্ষুণ্ন রাখতে এবং দেশের উন্নয়নে সবাইকে একযোগে কাজ করার আহবান জানান। অবশেষে মান্যবর রাষ্ট্রদূত মহোদয় সকলকে দেশের সামগ্রিক কল্যাণে একত্রে কাজ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। অনুষ্ঠান শেষে আগত অতিথিদের জন্যে আপ্যায়নের ব্যবস্থা করা হয়।

